শেখ হাসিনার উদ্যোগ

# ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
ISO 9001:2015 Certified

মুজিব শতবর্ষ

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫০৪.০১.০০৯.২১. ৬৪৮৬

তারিখঃ ০৯ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৪ আগস্ট, ২০২২ খ্রিষ্টাব্দ

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত **সহকারী ক্যাশিয়ার** গণের মধ্য হতে পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২ খ্রিঃ) এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী কর্মচারীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত (A4 সাইজের কাগজে) আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | **ক্যাশিয়ার (০৩ জন, কম বেশী হতে পারে)** | (ক) প্রার্থীকে এস.এস.সি/**সমমান** এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় পৃথক পৃথকভাবে জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ পেয়ে উত্তীর্ণসহ পবিসে ন্যূনতম ০৭ (সাত) বছর **নিয়মিতভাবে** সহকারী ক্যাশিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে।<br>(খ) গ্রাহকদের সহিত সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা ও সক্ষমতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>(ঘ) প্রতি মিনিটে ন্যূনতম ৩০ (ত্রিশ) টি ইংরেজী ও ১০ (দশ) টি বাংলা শব্দ কম্পিউটারে টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>(ঙ) নিরাপত্তা জামানত হিসেবে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রদানের আর্থিক সক্ষমতা থাকতে হবে।<br>(চ) অবশ্যই দাপ্তরিক যন্ত্রপাতি ও কম্পিউটার চালনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ছ) সহকারী ক্যাশিয়ার পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং পৃথকভাবে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(জ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য সকল শর্ত পূরণ করতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে **খামের উপর পদের নাম** উল্লেখ করে সাদা কাগজে (A4 সাইজের কাগজে) স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ট) নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ আগামী **১৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায়** স্ব-শরীরে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা-এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। **আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত কাগজ পত্র এজিএম (প্রশাসন/ এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(খ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি।
(গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্র ও ইউনিয়ন পরিষদ/ পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের ফটোকপি।
(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণ পত্রের ফটোকপি।
(চ) পবিস নির্দেশিকা ৩০০-০৮/৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(ছ) প্রার্থীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র।
(জ) সর্বেশেষ ০৩ (তিন) বছরের ভিতর কোন গুরুদন্ড প্রাপ্ত নন, সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত নন, বিগত ০৪ (চার) বৎসরের ভিতর ০১ বার গুরুদন্ড ও ০১ বার লঘু দন্ড প্রাপ্ত নন, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত নন, বর্তমানে বিভাগীয় তদন্ত বা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীট প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র।

**চলমান পাতা-০২**

০৩। **<u>সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিতভাবে (ক হতে জ পর্যন্ত ) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।</u>**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া স্বাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্য হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে। পরবর্তীতে পবিসের প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল থেকে নিয়োগ প্রদান করা হবে।

০৫। সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য **'চলতি দায়িত্বে'** নিয়োগ দেওয়া হবে। 'চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ **০৬ (ছয়) মাস** বৃদ্ধি/পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে ভোলা পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার প্রার্থী অর্থাৎ ভোলা জেলার স্থায়ী বাসিন্দা এবং বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলাধীন শ্রীপুর ও আলিমাবাদ ইউনিয়ন, পটুয়াখালী জেলার দশমিনা উপজেলাধীন চরবোরহান ইউনিয়ন, গলাচিপা উপজেলাধীন চরকাজল ও চরবিশ্বাস ইউনিয়ন, রাঙ্গাবালী উপজেলাধীন চরমোন্তাজ ইউনিয়ন, লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন রামগতি ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৭। ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মকর্তা/ কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৮। পদোন্নতির ক্ষেত্রে অত্র পবিস চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত, ২০১২ খ্রিঃ) ও সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৯। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

১০। ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি , ১৯৯২ (সংশোধিত, ২০১২ খ্রিঃ) এর ধারা- ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

১১। ইতিপূর্বে অন্য কোন পবিস হতে চাকুরী হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

১২। তথ্য গোপন করে যদি কেও নিয়োগপ্রাপ্ত হন তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না।

১৪। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৭.৪.২২

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার

**চলমান পাতা-০৩**

**অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হল।)**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করনসহ তাদের আবেদনপত্র সুপারিশসহ অগ্রায়নের জন্য অনুরোধ করা হল।)
০৫। ডিজিএম, চরফ্যাশন/ লালমোহন/পরানগঞ্জ জোনাল অফিস/ সদর-কারিগরী, ভোলা পবিস।
০৬। এজিএম (এমএস/অর্থ/ওএন্ডএম/এইচআর), ভোলা পবিস।
০৭। এজিএম (ওএন্ডএম), দঃ আইচা/তজুমদ্দিন/বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, ভোলা পবিস।
০৮। এজিএম (আইটি), ভোলা পবিস **(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
০৯। নোটিশ বোর্ড, ভোলা পবিস।
১০। অফিস/মাষ্টার কপি ।

২৫.৪.২২

(মোঃ আলতাপ হোসেন)
জেনারেল ম্যানেজার